# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৬

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ মু‘মিন ব্যক্তির জন্য আবশ্যক হলো আল্লাহর ফায়সালার উপর প্রশান্ত থাকা এবং তার উদ্দেশ্য পরিপন্থী কোন কিছু জীবনে আসলে কম অস্থির হয়ে যাওয়ার ব্যাপারে হাদীস

## ذكر الإخبار عما يجب على المؤمن من السُّكُونِ تَحْتَ الْحُكْمِ وَقِلَّةِ الاضْطِرَابِ عِنْدَ وُرُودِ ضد المراد

---

আরবী

726 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا نُوحُ بْنُ حَبِيبٍ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاثٍ عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ ثَعْلَبَةَ بْنِ عَاصِمٍ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ: النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (عَجِبْتُ لِلْمُؤْمِنِ لَا يَقْضِي اللَّهُ لَهُ شَيْئًا إِلَّا كَانَ خيراً له)
الراوي : أَنَسِ بْنِ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 726 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭২৬. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “আমি মু‘মিন ব্যক্তির ব্যাপারগুলোতে অবাক হয়ে যাই; মহান আল্লাহ তার জন্য যে-ই ফায়সালা করেন না কেন, সেটা তার জন্য কল্যাণকর হয়ে যায়!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৪; মুসনাদু আবি ইয়ালা: ১৯৮; মুসনাদুশ শিহাব: ৫৯৬; যাহাবী, আস সিয়ার: ১৫/৩৪২; মাজমা‘উয যাওয়াইদ: ৭/২০৯-২১০; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৫৪০; সুনান আল বাইহাকী: ৩/৩৭৫।

আল্লামা শু‘আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে উত্তম বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪৮।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন